

বুধবার ১৭ জুলাই ২০১৯। ২ শ্রাবণ ১৪২৬। ১৩ জিলকদ ১৪৪০

<https://www.youtube.com/channel/UCsBqX8QguRdkawdlNbIL1dw><https://twitter.com/KalerKanthoNews><https://www.facebook.com/kalerkantho>

বাঙ্গালীপুর হাজীপাড়া প্রাথমিক বিদ্যালয়

কক্ষ-শিক্ষক সংকট

সৈয়দপুর (নীলফামারী) প্রতিনিধি ১৭ জুলাই, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ২ মিনিটে

[Share \(https://www.facebook.com/sharer/sharer.php?u=\)](https://www.facebook.com/sharer/sharer.php?u=)

শ্রেণিকক্ষ ও শিক্ষক সংকটে নীলফামারীর সৈয়দপুর উপজেলার বাঙ্গালীপুর হাজীপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পাঠদান ব্যাহত হচ্ছে। আর শ্রেণিকক্ষের অভাবে শিক্ষার্থীদের পাঠদান চলছে বারান্দায়। বর্ষা মৌসুমে বিদ্যালয়ের প্রবেশপথ ও খেলার মাঠ কাদাপানিতে একাকার হয়ে গেছে।

সৈয়দপুরের ৩ নম্বর খড়খড়িয়াপাড়ায় বাঙ্গালীপুর হাজীপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়টি অবস্থিত। ১৯৯৩ সালে বাঙ্গালীপুর ইউনিয়নের প্রামাণিকপাড়ার সমাজসেবক ও শিক্ষানুরাগী মৃত নুরুল হক নিজস্ব ৩৩ শতক জমির ওপর বিদ্যালয়টি গড়ে তোলেন। ২০১৪ সালে বিদ্যালয়টি জাতীয়করণ করা হয়। বর্তমানে বিদ্যালয়টিতে দুই শিফটে শিশু শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত ১৫১ জন শিক্ষার্থী অধ্যয়ন করছে। মাত্র চারজন শিক্ষক-শিক্ষিকার মধ্যে প্রধান শিক্ষক মোছা. শাহানারা রাজিয়া নীলফামারীতে পিটিআই প্রশিক্ষণে আছেন। সহকারী শিক্ষক নিলুফা জেসমিন বগুড়ায় ডিপ্লোমা ইন এডুকেশন প্রশিক্ষণ নিচ্ছেন। ফলে বর্তমানে মাত্র দুজন শিক্ষক দিয়ে পাঠদান চলছে বিদ্যালয়টিতে। এতে পাঠদানে মারাত্মক বিঘ্ন ঘটছে শিক্ষার্থীদের।

এদিকে বিদ্যালয় প্রতিষ্ঠাকালীন একটি সেমিপাকা টিনশেড ঘরের তিনটি কক্ষের মধ্যে একটি অফিস কক্ষ হিসেবে ব্যবহার করা হচ্ছে। অন্য দুটি কক্ষে পাঠদান করা হয়। ফলে একটি শ্রেণির পাঠদান করতে হয় বিদ্যালয়ের বারান্দায়। আবার বাঙ্গালীপুর ইউনিয়নের চৌমুহনীবাজার থেকে পার্বতীপুরের বেনীরহাট যাওয়ার পাকা রাস্তার পাশে নিচু এলাকায় বিদ্যালয়টির অবস্থান হওয়ায় বর্ষা মৌসুমে বিদ্যালয়ের প্রবেশ পথ ও খেলার

মাঠে পানি জমে মারাত্মক কর্দমাক্ত হয়ে যায়।

মন্তব্য

[Share \(https://www.facebook.com/sharer/sharer.php?u=\)](https://www.facebook.com/sharer/sharer.php?u=) [Tweet \(https://twitter.com/share\)](https://twitter.com/share)

৩
(


৩
৩

৩
৩
৩

৩
৩

[অনলাইন সর্বাধিক পঠিত](#)

[অনলাইন সর্বশেষ](#)



[মিল্লিকে ১২ ঘণ্টা মানসিক নির্যাতন, পরে গ্রেপ্তার \(.online/first-page/2019/07/17/792430\)](/online/first-page/2019/07/17/792430)

সম্পাদক : ইমদাদুল হক মিলন, নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল, ইন্সট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় :
প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪
সিডিএ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ থেকে মুদ্রিত। পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯,

Copyright © 2015-2019 kalerkantho.com